# জানাযার কিছু বিধান

বিভাগ/অধ্যায়ঃ কবর যিয়ারত

রচয়িতা/সঙ্কলকঃ শায়খ আব্দুল আযীয ইব্ন আব্দুল্লাহ ইব্ন বায রাহিমাহুল্লাহ (ইসলামহাউজ)

প্রশ্ন ১৬ - কবর জিয়ারতের জন্য জুমার দিনকে নির্দিষ্ট করা কেমন?

উত্তর - এর কোন ভিত্তি নেই। যিয়ারতকারী সুযোগ বুঝে যখন ইচ্ছা যিয়ারত করবে। জিয়ারতের জন্য কোন দিন বা রাতকে নির্ধারিত করা বিদ'আত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,

«من احدث في أمرنا هذا ما ليس منه فهو رد» (متفق عليه)

"আমাদের এ দ্বীনে যে কেউ নতুন কিছু আবিষ্কার করল, তা পরিত্যক্ত"। (বুখারি ও মুসলিম) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আরো বলেছেন,

«من عمل عملا ليس عيه أمرنا فهو رد» (رواه مسلم)

"যে এমন কোন কাজ করল যা আমাদের আদর্শ নয়, তা পরিত্যক্ত"। হাদিসটি ইমাম মুসলিম আয়েশা রাদিয়াল্লাহু আনহার সূত্রে বর্ণনা করেছেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14896

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন